বারিধারা ডিওএইচএস এলাকাবাসীদের জন্য বাৎসরিক পিকনিক অনুষ্ঠানের সাধারণ নির্দেশিকা

১। অত্র এলাকার বাসিন্দাগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বারিধারা ডিওএইচএস এর **বাৎসরিক পিকনিক আগামী ০৩ ফেব্রুয়ারী ২০২৪ তারিখে হওয়ার কথা ছিল। সেনাবাহিনীর বিশেষ প্রয়োজনে উক্ত তারিখ পরিবর্তন করে এখন ০২ মার্চ ২০২৪ তারিখ রোজ শনিবার, জলসিঁড়ি সেন্ট্রাল পার্ক, পূর্বাচল এ অনুষ্ঠিত হবে।** অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত আছে। প্রতিষ্ঠিত, সব ধরণের সুযোগ সম্বলিত পূর্বাচল, ঢাকা **"জলসিঁড়ি সেন্ট্রাল পার্ক"** স্পটটি পিকনিকের জন্য উপযুক্ত স্থান বিবেচিত হওয়ার বারিধারা ডিওএইচএস এর তৃতীয় পিকনিক অনুষ্ঠানের জন্য প্রায় ০৪ মাস পূর্বে নির্বাচন করতঃ বুকিং দেয়া হয়েছে। পিকনিকের মাধ্যমে একত্রিত হওয়ার সুবাদে অত্র এলাকায় বসবাসরত বিভিন্ন শ্রেনীর বাসিন্দাদের মধ্যে বিদ্যমান সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক আরও সুদৃঢ় হবে। উল্লেখ্য যে, এই পিকনিকে আপনি অতিথিসহ যোগদান করতে পারবেন।

ক। বারিধারা ডিওএইচএস এর তৃতীয় পিকনিক অনুষ্ঠানটি সুষ্ঠু, উপভোগ্য, আনন্দদায়ক ও কোন ধরণের ত্রুটি ছাড়া আয়োজনের জন্য নিম্নেবর্ণিত সম্মানিত সদস্যদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো ঃ

আহ্বায়ক ঃ লেঃ কর্ণেল আকরাম হোসেন (অবঃ) - সিনিঃ ভাইস প্রেসিডেন্ট সার্বিক দায়িত্বে থাকবেন। প্রেসিডেন্ট, সেক্রেটারী ও ট্রেজারারের সাথে প্রয়োজনে যে কোন ব্যাপারে আলোচনা করবেন।

সদস্যবৃন্দ ঃ

(১) মেজর এএইচএম মনোয়ার হোসেন (অবঃ) - সেক্রেটারী, ইসি
(২) লেঃ কর্ণেল নাসির আহমেদ (অবঃ) - মেম্বার সিকিউরিটি, ইসি
(৩) ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) - মেম্বার এ্যাডমিন, ইসি
(৪) মেজর জাফর উল্লাহ খান (অবঃ) - কো-অপ্ট সদস্য
(৫) মিসেস পারভীন যোবায়দা - জয়েন্ট ট্রেজারার, ইসি
(৬) ডাঃ পারভীন হক চৌধুরী - সদস্য, ইসি
(৭) মিসেস ফরিদা ইয়াসমিন - সদস্য, ইসি
(৮) ওয়াঃ অফিসার মোঃ জাকির হোসেন তালুকদার (অবঃ) - ফিল্ড সিকিউরিটি অফিসার

সমন্বয়ক ঃ কর্ণেল এসএম ফয়সাল (অবঃ) - ভাইস প্রেসিডেন্ট, ইসি

খ। **পিকনিকে অংশ গ্রহণের জন্য জন প্রতি চাঁদার হার নিম্নরূপ ঃ**

১।	প্রাপ্ত বয়স্ক (জনপ্রতি)	-	১০০০/-
২।	১০ বছরের নীচে ও ৩ বছরের উর্দ্ধে (জন প্রতি)	-	৬০০/-
৩।	ড্রাইভার (ব্যক্তিগত গাড়ী ব্যবহারকারীর জন্য)	-	৫০০/-
৪।	বাস ভাড়া (জনপ্রতি)	-	৩০০/- (যারা বাসে যাওয়া আসা করবেন)

গ। **খাবার ও যানবাহনের কুপন সংগ্রহ ঃ** সম্মানিত বাসিন্দাগনকে আগামী ১০ ফেব্রুয়ারী ২০২৪ তারিখের মধ্যে পিকনিকে অংশগ্রহনের কুপন পরিষদ সার্ভিস সেন্টার (লেভেল-২) হতে সংগ্রহ করতে অনুরোধ করা হলো।

ঘ। **সময় পরিকল্পনা ঃ**

(১) পিকনিকের উদ্দ্যেশে অগ্রগামী দলের যাত্রা ঃ ০৬০০ ঘটিকা।
(২) বাস ছাড়ার স্থান ঃ বিএসআইএসসি/বারিধারা ডিওএইচএস স্কুল গেইট সংলগ্ন স্থান।
(৩) পিকনিকে অংশগ্রহনকারী বাসিন্দাগন বাস ছাড়ার স্থানে সমবেত হবেন ঃ ০৭৩০ ঘটিকা।

(৪) পিকনিকের উদ্দেশে মূল দলের যাত্রার শেষ সময় ঃ ০৮০০ ঘটিকা (বাসে আরোহনের পূর্বেই সকালের নাস্তা সংগ্রহ করতে হবে)।

(৫) পিকনিক স্পট এলাকায় সকালের নাস্তা ঃ ০৯০০-১০০০ ঘটিকা পর্যন্ত (নিজ ব্যবস্থাপনায় গমন কারীদের জন্য)। সকাল ১০০০ ঘটিকার পরে কোন প্রকার নাস্তা বিতরণ করা হবে না।

(৬) খেলাধূলা পরিচালনা ঃ ১০০০-১২৩০ ঘটিকা পর্যন্ত।

(৭) নিজস্ব সময় ও যোহরের নামাজ ঃ ১২৩০-১৩৩০ ঘটিকা পর্যন্ত।

(৮) দুপুরের খাবার ঃ ১৩৩০-১৪৩০ ঘটিকা।

(৯) তাম্বুলা খেলা (২ শীট) ঃ ১৫০০-১৬০০ ঘটিকা পর্যন্ত।

(১০) র‌্যাফেল ড্র ও পুরস্কার বিতরণ ঃ ১৬০০-১৬৩০ ঘটিকা পর্যন্ত।

(১১) চা-চক্র ঃ ১৫৩০-১৭০০ ঘটিকা।

(১২) প্রত্যাগমণের শেষ সময় ঃ ১৭৩০ ঘটিকা।

ঙ। **মেন্যু অনুযায়ী খাবার তৈরী ও পরিবেশন ঃ** মেন্যু অনুযায়ী পিকনিক স্পটে খাবার পরিবেশন করা হবে। এ ব্যাপারে মেজর জাফর উল্লাহ খান (অবঃ) এবং সার্জেন্ট জাহিদুল ইসলাম সার্বিক দায়িত্ব পালন করবেন এবং কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্ন করন নিশ্চিত করবেন।

চ। খাবার পরিবেশন ও বন্টন তদারকি করবেন ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ), আশিষ সিকদার, ও মোঃ ইব্রাহিম খলিল (প্রয়োজন হলে আরও জনবল দেয়া হবে)। খাবার পরিবেশন স্থানে কিছু বড় আকারের পলিথিন রাখতে হবে যাতে খাবার সংক্রান্ত ময়লা সামগ্রী সহজেই পরিস্কার করে ফেলা যায়। ০১ জন ক্লিনারকে উক্ত দায়িত্বে নিয়োজিত করা হবে।

ছ। পিকনিকে অংশগ্রহনে ইচ্ছুক বাসিন্দাগণ ডিওএইচএস বিএসআইএসসি/স্কুল গেইট সংলগ্ন স্থানে আগামী ০২ মার্চ ২০২৪ তারিখ সকাল ০৭:৩০ ঘটিকার মধ্যে সমবেত হবেন এবং ঠিক ০৮:০০ ঘটিকায় প্রয়োজনীয় সংখ্যক বাস পিকনিক স্পটের উদ্দেশে যাত্রা শুরু করবে। সকলে সকাল ০৭৪৫ ঘটিকার মধ্যে বাসে আসন গ্রহণ করবেন। পিকনিকে অংশগ্রহনকারীগন বাসে গমনের পূর্বেই নির্দিষ্ট স্থানে টোকেন জমা দিয়ে নাস্তা সংগ্রহ করবেন।

জ। দায়িত্বরত সেচ্ছাসেবকগন ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) এর তত্ত্বাবধায়নে বাস ছাড়ার পূর্বে পিকনিকে অংশগ্রহনকারীদের (বাসে গমনকারীগনের) টোকেন জমা নিয়ে তাদের মধ্যে সকালের নাস্তার প্যাকেট বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে।

ঝ। নিজস্ব ব্যবস্থাপনায়/স্ব স্ব যানবাহন ব্যবহারকারীদের সকাল ০৯:০০ ঘটিকার মধ্যে পিকনিক স্পটে পৌছাতে অনুরোধ করা হলো। নিজস্ব ব্যবস্থাপনায়/স্ব স্ব যানবাহনে গমনকারীগন পিকনিক স্পটে গিয়ে সার্জেন্ট জাহিদুল ইসলাম এর নিকট টোকেন জমা দিয়ে সকালের নাস্তার প্যাকেট সংগ্রহ করবেন। সকাল ১০০০ ঘটিকার পরে কোন প্রকার নাস্তা বিতরণ করা হবে না।

ঞ। **আপ্যায়ন ঃ** পার্টি এন্ড ডিনার ডেকোরেটর এন্ড ক্যাটারিং সার্ভিস নিম্নলিখিত মেন্যু অনুযায়ী সুস্বাদু ও পর্যাপ্ত গরম খাবারের ব্যবস্থা করবেন।

সকালের নাস্তা ঃ

১। পরাটা (তৈল ছাড়া) - ২টি।
২। ডিম - ১টি অমলেট।
৩। মিক্সড সবজি (শুকনো) - পরিমান মত।
৪। হালুয়া - ১ টুকরা।
৫। কলা (সাগর) - ১টি।

৬।	পানি ২৫০ মিলি		- ১ টি।
৭।	চা/কফি			- প্রয়োজন অনুযায়ী।

দুপুরের খাবার ঃ

১।	পোলাও (চিনিগুড়া চাল)।
২।	চিকেন রোষ্ট (দেশী মুরগীর) - একটি মুরগীর ০৪ পিস করে প্রতিজনের জন্য ০১ পিস।
৩।	বীফ কারী।
৪।	মুগ ডাল ভুনা।
৫।	মিক্সড সালাদ	- পরিমাণ মত।
৬।	কাপ দই		- ১টি।
৭।	পানি ২৫০ মিলি	- ১টি।
৮।	পান ও মশলা।

বিকালের নাস্তা ঃ

১।	পাকোড়া		- পরিমাণ মত।
২।	কেক		- ১ পিস।
৩।	চা/কফি।

ট।	**অগ্রগামী দলের যাত্রার সময় ঃ ০২ মার্চ ২০২৪ সকাল ৬০০ ঘটিকা।**

(১) ওয়াঃ অফিঃ মোঃ জাকির হোসেন তালুকদার (২) সার্জেন্ট ফরিদুজ্জামান (৩) আশিষ সিকদার (৫) মোঃ ইব্রাহিম খলিল (৬) অফিস সহায়ক - পুরস্কারের আইটেম সমূহ ও তাম্বুলার সকল জিনিস/মালামাল, প্রয়োজনীয় কাগজ ও কলম এ্যাম্বুলেন্স যোগে সাথে নেয়ার ব্যবস্থা করবে।

ঠ।	**মূল দলের যাত্রা ঃ** মূল দল সকাল ০৮০০ ঘটিকার সময় বিএসআইএসসি/বারিধারা ডিওএইচএস স্কুল গেইট সংলগ্ন এলাকা থেকে পিকনিকের উদ্দেশে বাস যোগে যাত্রা শুরু করবে। প্রত্যেক বাসে ০১ জন করে সেচ্ছাসেবক নিয়োজিত থাকবে এবং পিকনিক উদযাপন কমিটির সদস্য ক্যাপ্টেন এম এম আজিজ, বিএন (অবঃ) এর তত্ত্বাবধায়নে আশিষ সিকদার ও মোঃ ইব্রাহিম খলিল সেচ্ছাসেবকদেরকে সকালের নাস্তা (বাসে গমনকারীদের মধ্যে) বিতরণসহ অন্যান্য কার্যক্রম সম্পর্কে বুঝিয়ে দিবেন। মূল দল পিকনিক স্পটে পৌছানোর সঙ্গে সঙ্গে ওয়াঃ অফিসার জাকির হোসেন তালুকদার ও সার্জেন্ট জাহিদুল ইসলাম চা/কফি (পূর্ব প্রস্তুতির ভিত্তিতে) দায়িত্বে থাকা ব্যক্তিদের চা/কফি পরিবেশনার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

ড।	অগ্রগামী দলটি প্রতিটি বাসে, স্পটের প্রবেশ পথে ও টার্নিং পয়েন্ট সমূহে নূন্যতম একটি করে ব্যানার লাগাবেন যা অংশগ্রহনকারীদের পিকনিক স্পটে পৌঁছাতে সাহায্য করবে।

ঢ।	**খেলাধুলার আইটেম সমূহ ঃ**

(১) অনূর্ধ্ব - ৬ বছর (ছেলে) - চকলেট দৌড়, (২) অনূর্ধ্ব - ৬ বছর (মেয়ে) - চকলেট দৌড়, (৩) ৬ থেকে ১২ বছর (ছেলে) - ৫০ মিটার দৌড়, (৪) ৬ থেকে ১২ বছর (মেয়ে) - ৫০ মিটার দৌড়, (৫) ১২ থেকে ১৪ বছর (মেয়ে) - ব্যালেন্স রেস, (৬) ১৫ থেকে ১৮ বছর (মেয়ে) - মেমোরী টেস্ট, (৭) ১২ থেকে ১৫ বছর (ছেলে) - মোরগ লড়াই, (৮) মহিলাবৃন্দ - ঝুড়িতে বল নিক্ষেপ। (৯) মহিলাবৃন্দ - পিলো পাসিং, (১০) পুরুষ - রাইফেল দ্বারা বেলুন ফুটানো।

ণ।	**খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা কমিটি ঃ** সকল খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান স্পোর্টস এন্ড কালচারাল অ্যাফেয়ার্স সাব-কমিটির ব্যবস্থাপনায় পরিচালিত হবে। উক্ত অনুষ্ঠান সমূহ সুষ্ঠু এবং সুন্দরভাবে

সম্পন্ন করার লক্ষ্যে স্পোর্টস এন্ড কালচারাল অ্যাফেয়ার্স সাব-কমিটির সাথে নিম্নে বর্ণিত ব্যক্তিবর্গকে সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করা হলো ঃ

১। লেঃ কর্ণেল খন্দকার ওবায়দুল আনোয়ার (অবঃ)
২। মিসেস রীতা আবিদ
৩। মিসেস সায়মা আলমগীর
৪। মিসেস নিগার সুলতানা
৫। মিসেস নাহার নাজিম
৬। মিসেস পারভীন যোবায়দা
৭। জনাব টিমো আজিজ

ত। **খেলাধুলা ঃ** ১০০০ ঘটিকা হতে ১২৩০ ঘটিকা পর্যন্ত দায়িত্বপ্রাপ্ত কমিটি খেলাধুলা পরিচালানা করবেন। ১৫০০ ঘটিকা হতে ১৬৩০ ঘটিকা পর্যন্ত তাম্বুলা খেলা ও পুরষ্কার বিতরনী। প্রতিটি খেলায় ১ম, ২য় ও ৩য় পুরস্কার ব্যতীত অন্যান্য সকলের জন্য সান্তনা/সৌজন্যমূলক পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে। খেলাধুলায় অংশগ্রহনকারীদেরকে সান্তনা/সৌজন্যমূলক পুরস্কার প্রদানের সুবিধার্থে প্রত্যেক অংশগ্রহনকারী নাম দায়িত্বপ্রাপ্ত সদস্যগণ লিপিবদ্ধ করে রাখবেন। প্রতিটি খেলা শেষে ঔ স্থানেই পুরস্কার বিতরণ করা হবে। পরিচালনাকারী ক্রোড়পত্র ‘ক’ অনুযায়ী সংশ্লিষ্ট ব্যক্তিকে পুরস্কার বিতরণ করার অনুরোধ জানাবেন। ওয়াঃ অফিসার জাকির হোসেন তালুকদার পুরস্কার প্রদানকারীদের জন্য ফুলের তোড়ার ব্যবস্থা করবেন।

থ। **সিকিউরিটি গার্ড নিয়োগ ঃ** নিরাপত্তা/শৃঙ্খলা রক্ষার লক্ষ্যে পিকনিকের জন্য কমপক্ষে ১০ জন সিকিউরিটি গার্ড নিয়োগ দেয়া হবে। মেইন গেইটে ০২ জন, খাবার স্থানে ০২ জন ও অন্যান্য স্থানে ০৬ জন। এ ব্যাপারে মেম্বার সিকিউরিটি লেঃ কর্নেল নাসির আহমেদ (অবঃ) ওয়াঃ অফিঃ জাকির হোসেন তালুকদারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

দ। **সেচ্ছাসেবক টিম তৈরী ঃ** লেঃ কর্নেল নাসির আহমেদ (অবঃ) এর তত্ত্বাবধায়নে ১০ জনের একটি সেচ্ছাসেবক টিম গঠন করা হবে। যারা যাবতীয় সার্বিক বিষয় পর্যবেক্ষণে থাকবে। কোন ধরণের দূর্ঘটনা/অগ্নিকান্ড ঘটলে সংগে সংগে সেচ্ছাসেবক টিম ও সিকিউরিটি গার্ডগন তাৎক্ষণিক যথাস্থানে চলে যাবে। সেচ্ছাসেবক টিমের জন্য ব্যাচ/কার্ড/টি শার্ট এর ব্যবস্থা করতে হবে।

ধ। পিকনিক স্পট বেলুন ও ফ্ল্যাগ ইত্যাদি দিয়ে সাজানো থাকবে। ওয়াঃ অফিঃ জাকির হোসেন ও সার্জেন্ট ফরিদুজ্জামান এ ব্যাপারে প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে।

২। **অনুষ্ঠানটি সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্তে নিম্নে বর্ণিত অফিসার ও ব্যক্তিবর্গের দায়িত্ব নিম্নরূপভাবে বন্টন করা হলোঃ**

ক। **যানবাহনের ব্যবস্থাপনায় ঃ** ক্যাপ্টেম এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) ও ওয়াঃ অফিঃ জাকির হোসেন তালুকদার সমন্বয়ের মাধ্যমে বিআরটিসি, ট্রাস্ট অথবা অন্যকোন কোম্পানীর বাস ভাড়া করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

খ। **খাওয়া দাওয়া/ক্যাটারিং এর দায়িত্ব** ঃ (১) মেজর জাফরউল্লাহ খান (অবঃ) ও (২) সার্জেন্ট জাহিদুল ইসলাম

গ। **খাওয়া দাওয়া পরিবেশন ঃ** (১) ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ), (২) মিসেস রীতা আবিদ (৩) মিসেস ফরিদা ইয়াসমিন (৪) ওয়াঃ অফিঃ জাকির হোসেন তালুকদার এবং সার্জেন্ট মোঃ জাহিদুল ইসলাম। ওয়াঃ অফিঃ মোঃ জাকির হোসেন তালুকদার এবং সার্জেন্ট মোঃ জাহিদুল ইসলাম টোকেন জমা পূর্বক খাবার সরবরাহ নিশ্চিত করবেন। খাবার বিতরণ পয়েন্টে প্রস্তুত রাখা হবে সেখান থেকে খাবার সংগ্রহ করে ওপেন হলে/টেবিলে বসে খাবে। ক্যাটারিংয়ের ২/৩ জন ওয়েটার থাকবে যদি কারও রাইসের প্রয়োজন হয় তবে শুধুমাত্র রাইস দিয়ে আসবে। চামুচ/পানির বোতল/অন্যান্য সামগ্রী টেবিলে রক্ষিত থাকবে। ৪/৫টি হ্যান্ডওয়াস/বেসিনের ব্যবস্থা রাখতে হবে। খাবার রান্না ও পিকনিক স্থানে পৌছানো পর্যন্ত সার্বিক তত্ত্বাবধায়নের দায়িত্ব মেজর জাফরউল্লাহ খান (অবঃ) ও সার্জেন্ট জাহিদুল ইসলাম এর উপর থাকবে।

ঘ। **খেলাধুলা ও সঙ্গীত অনুষ্ঠানের দায়িত্ব ঃ** খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা কমিটির সাথে সহযোগী সদস্য হিসেবে থাকবে- (১) ওয়াঃ অফিঃ জাকির হোসেন তালুকদার, (২) ওয়াঃ অফিঃ রুহুল কুদ্দুস (৩) মোঃ ইব্রাহিম খলিল, (৪) আশিষ সিকদার (৫) মোঃ সান্টু খান, (৬) মোঃ ফারুক হোসেন, (৭) মোঃ মুকুল হোসেন, (৮) মোঃ রমজান আলী, (৯) মোঃ জহিরুল ইসলাম এবং অফিস সহায়ক-মাহাবুব ও ইসমাইল। কাজের প্রয়োজনে আরও সহযোগী সদস্য নেয়া হবে।

ঙ। **বসার আয়োজন ঃ** ওয়াঃ অফিঃ জাকির হোসেন তালুকদার, সার্জেন্ট মোঃ জাহিদুল ইসলাম, সার্জেন্ট ফরিদুজ্জামান ও ২ জন চৌকশ নিরাপত্তা প্রহরী।

চ। **গাড়ী পার্কিং ব্যবস্থা এবং এলাকার নিরাপত্তার দায়িত্ব ঃ** (১) চীফ সিকিঃ সুপারভাইজার সার্জেন্ট ফরিদুজ্জামান।

ছ। **যাত্রীবাহী বাসের সাথে যোগাযোগ ঃ** প্রত্যেক যানবাহনে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিগণ মোবাইল ও ওয়ারলেস সেটের মাধ্যমে যোগাযোগ নিশ্চিত করবেন। প্রত্যেক গাড়ীর গতিবেগ সীমিত থাকবে ঘন্টায় ৪০ কিঃ মিঃ। পিকনিক কর্ণারে পৌছানোর সুবিধার্থে যাত্রীবাহী বাসের সামনে পরিষদের মাইক্রোবাস অবস্থান করবে। প্রতিটি বাসে নাম্বার লাগাতে হবে। গমনাগমনের সময় পিকনিকে অংশগ্রহনকারীদের একই বাসে উঠার বিষয়টি দায়িত্বরতগন নিশ্চিত করতে হবে।

জ। **স্বেচ্ছাসেবক ও সার্বিক সমন্বয়ের দায়িত্ব ঃ** (১) লেঃ কর্নেল নাসির আহমেদ (অবঃ), (২) ওয়াঃ অফিঃ মোঃ জাকির হোসেন তালুকদার (৩) আশিষ সিকদার ও মোঃ ইব্রাহিম খলিল

ঝ। **ফাষ্ট এইড বন্দোবস্ত ঃ** (১) মেডিক্যাল সহঃ কাজী সাহারুল ইসলাম ও (২) এ্যাম্বুঃ ড্রাইভার মোঃ হাবিবুর রহমান (এ্যাম্বেুলেন্স সহ গমনাগমন)। মেডিকেল সহকারী ফাষ্ট এইড বক্স ও অন্যান্য প্রাথমিক চিকিৎসা সামগ্রী এবং প্রত্যেক বাসে যাত্রীদের জন্য পলিথিনের ব্যবস্থা করবে। এ বিষয়ে মেম্বার মেডিকেল দৃষ্টি রাখবেন।

ঞ। **তাম্বুলা খেলা ঃ** মিসেস ফরিদা ইসায়মিন মিসেস সাবরিনা মফিজ ও মিসেস নিগার সুলতানার সাথে সমন্বয় পূর্বব তাম্বুলা পরিচালনার ব্যবস্থা গ্রহণ করবেন। পুরস্কারের ব্যাপারে মিসেস ফরিদা ইয়াসমিন পরিষদ প্রেসিডেন্ট ও আহ্বায়কের এর সাথে পরামর্শ গ্রহণ করবেন। তাম্বুলার জন্য নির্ধারিত পুরস্কার এর ব্যবস্থা করা হবে। আশিষ সিকদার, মোঃ ইব্রাহিম খলিল ও সান্টু খান চাহিদা অনুযায়ী ০২টি করে শীট তৈরী এবং তদসংলগ্নীয় সকল কাগজাদি প্রস্তুত রাখবেন। শীট বিক্রির টাকায় তাম্বুলা পরিচালিত হবে কোন অতিরিক্ত অর্থ খরচ করা যাবে না।

ট। **সঙ্গীত অনুষ্ঠান ঃ** সারাদিনব্যাপী সঙ্গীত অনুষ্ঠান চলবে। এজন্য একটি মঞ্চ তৈরী করা হবে। নামাজের সময়কে লক্ষ্য রেখে অনুষ্ঠানটি পরিচালনা করা হবে। এ বিষয়ে সার্বিক দায়িত্বে থাকবেন স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটি। এই অনুষ্ঠানে লেডিস ক্লাব সাব-কমিটি সার্বিক সহযোগিতা এবং অংশগ্রহন করবেন। লেঃ কর্ণেল খন্দকার ওবায়দুল আনোয়ার (অবঃ) ও মেজর শের মোহাম্মদ খান (অবঃ) লেডিস ক্লাবের সাথে সমন্বয় পূর্বক শিল্পী নির্বাচন, সাউন্ড সিষ্টেম, মেগা ফোন এবং প্রয়োজনীয় বাদ্যযন্ত্র সামগ্রী সংগ্রহ পূর্বক সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা করবেন। সংগীত অনুষ্ঠান চলাকালীন অফিস সহায়ক মোঃ নাজমুল হক প্রয়োজনীয় সহযোগিতায় থাকবে।

ঠ। **পুরস্কার ক্রয় ঃ** পিকনিক এর যাবতীয় দ্রব্য সামগ্রী ও পুরস্কার সমূহ ক্রয় সাব-কমিটির সদস্য সচিব ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি (অবঃ) ও সদস্য মিসেস পারভীন যোবায়দা, মিসেস রীতা আবিদ এবং লেঃ কর্ণেল নাসির আহমেদ (অবঃ) ও মিসেস ফরিদা ইয়াসমিন কর্তৃক ক্রয় পূর্বক উক্ত কমিটির নির্দেশানুযায়ী আশিষ সিকদার ও মোঃ ইব্রাহিম খলিল, মোঃ সান্টু খান এবং মোঃ আতিকুর রহমান, মোঃ ফরুক হোসেন এবং মোঃ মুকুল হোসেন র‍্যাপিং সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করতঃ ভেন্যুতে নিয়ে যাওয়ার বিষয়টি নিশ্চিত করবেন।

ড।   **র‍্যাফেল ড্র ঃ** পিকনিক কুপনের নির্দিষ্ট অংশ র‍্যাফেল ড্র এর জন্য নির্ধারিত বাক্সে ফেলতে অনুরোধ করা হলো। র‍্যাফেল ড্রতে ৩০/৫০টি পুরস্কার প্রদান করা হবে। র‍্যাফেল ড্র এর কুপন একই রকম ভাজ করে বাক্সে ফেলতে হবে। কর্নেল এসএম ফয়সাল (অবঃ), মিসেস ফরিদা ইয়াসমিন র‍্যাফেল ড্র কার্যক্রম পরিচালনা করবেন এবং মোঃ ইব্রাহিম খলিল, আশিষ সিকদার ও মোঃ সান্টু খান এ ব্যাপারে সহযোগীতা করবেন।

ঢ।   **ছবি তোলাঃ** পিকনিক উদযাপনের ছবি তোলার জন্য মোঃ আতিকুর রহমান ও সুবীর কুমার দাসকে দায়িত্ব অর্পন করা হলো। পরিষদের ডিজিটাল ক্যামেরা ব্যবহৃত হবে। একই ধরণের ছবি একাধিকবার না উঠানোর জন্য বলা হলো।

ণ।   **সাউন্ড সিস্টেম ঃ** ওয়াঃ অফিঃ মোঃ জাকির হোসেন তালুকদার ও আশিষ সিকদার সাউন্ড সিস্টেম এর ফুল সেট ও মেগা ফোন (প্রয়োজন অনুযায়ী সব আইটেমসহ) পিকনিক স্পটে নেয়ার ব্যবস্থা করবেন। পিকনিক এর কার্যক্রম পরিচালনার সুবিধার্থে চীফ সিকিঃ সুপারভাইজার ০২টি ভাল মানের মেগাফোনের ব্যবস্থা রাখবেন। মোঃ সান্টু খান ললিতকলা একাডেমীর সাউন্ড সিস্টেম প্রস্তত রাখবে এবং পিকনিক স্পটে নেয়ার ব্যবস্থা গ্রহণ করবে।

৩।   **প্রাক পর্যবেক্ষক দল ঃ** ওয়াঃ অফিঃ মোঃ জাকির হোসেন তালুকদার, সার্জেন্ট মোঃ জাহিদ ও সুপারভাইজার মোঃ আলাল উদ্দিন ও মোঃ এরশাদ আলী ০১ মার্চ ২০২৪ পিকনিক স্পটে গমন করবে এবং নিম্নলিখিত বিষয়াদি নিশ্চিত করবে ঃ

ক।   বসার ব্যবস্থা ও পিকনিক অনুষ্ঠানের অনুকূল পরিবেশ নিশ্চিত করা। ডেকোরেটর অতিরিক্ত ১০০ চেয়ারের ব্যবস্থা রাখবে।

খ।   খেলাধুলার ও রান্না করা খাবার রাখার এবং পরিবেশনের জায়গা নিশ্চিত করা।

গ।   প্রশাসনিক এলাকা (টয়লেট ও ওয়াশরুম) পরিস্কার আছে কিনা নিশ্চিত করা। এছাড়াও সার্বক্ষনিত তত্ত্বাবধায়ন করা ও পানির ব্যবস্থা নিশ্চিত করা। এ্যাডমিন সুপারভাইজার মোঃ এরশাদ আলী ও মোঃ আলাল উদ্দিন এবং তাদের সহকর্মীবৃন্দ এ বিষয়ে তীক্ষ্ণ দৃষ্টি রাখবেন এবং সকল প্রয়োজনীয় দ্রব্যাদি যেমন-টয়লেট টিস্যু, হ্যান্ডওয়াস, ফিনাইল ইত্যাদির ব্যবস্থা রাখবেন।

ঘ।   তাম্বুলা খেলার অনুষ্ঠানের স্থান নির্ধারণ ও আয়োজন করা।

৪।   পিকনিকে ইসি কমিটির সদস্যগণ, ডিওএইচএস এর বাসিন্দাগণ, ফিল্ড সিকিঃ অফিসার ও চীফ সুপারভাইজার গমন করবেন বিধায় উক্ত সময়ের জন্য অত্র ডিওএইচএস এলাকার সার্বিক নিরাপত্তার দায়িত্বে কর্পোঃ মোঃ জাহাঙ্গীর আলম নিয়োজিত থাকবেন। প্রয়োজনে মেম্বার সিকিউরিটি/ফিল্ড সিকিঃ অফিসারের সাথে মোবাইল ফোনের মাধ্যমে যোগাযোগ করবেন।

৫।   পিকনিক স্পট এলাকা, খাবার পরিবেশন এলাকা এবং টয়লেটসমূহ পরিস্কার-পরিছন্ন করার জন্য সুপারভাইজার মোঃ আলাল উদ্দিন ও মোঃ এরশাদ আলী ২জন ক্লিনারসহ দায়িত্ব পালন করবেন।

৬।   পিকনিক অনুষ্ঠানটি নির্বিঘ্ন ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও আহ্বায়ক লেঃ কর্ণেল আকরাম হোসেন (অবঃ) কে সংশ্লিষ্ট সবাইকে নিয়ে প্রয়োজন মাফিক সমন্বয় সভার আয়োজন করবেন। পিকনিক অনুষ্ঠানটি উপভোগ্য ও আনন্দদায়ক করার জন্য সকলকে আন্তরিকভাবে অর্পিত দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা হলো এবং অংশগ্রহনকারী সকল সম্মানিত বাসিন্দাদের আন্তরিক সহযোগীতা কামনা করা হলো।

মেজর এএইচএম মনোয়ার হোসেন (অবঃ)   লেঃ কর্নেল আকরাম হোসেন (অবঃ)

সেক্রেটারী

জানুয়ারী ২০২৪

আহ্বায়ক, পিকনিক উদযাপন কমিটি

জানুয়ারী ২০২৪

বিতরন ঃ

কার্যক্রম ঃ

ইসি সদস্য ও সংশ্লিষ্ট সকলে

অবগতি ঃ

ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা সেনানিবাস।